

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৩০, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহানগর দায়রা জজ এবং পদাধিকারবলে
মহানগর সিনিয়র স্পেশাল জজের কার্যালয়, ঢাকা।

বিজ্ঞপ্তি

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত আপনি আসামী জনাব এম এ হালিম এর বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি রহিয়াছে; এবং

যেহেতু, এই আদালতের বিশ্বাস করার যুক্তিসংগত কারণ রহিয়াছে যে, আপনি পলাতক রহিয়াছেন এবং আপনাকে গ্রেফতার বা আপনাকে বিচারে সোপর্দকরণ এড়াইবার জন্য আত্মগোপন করিয়াছেন এবং আপনাকে আশু গ্রেফতার করিয়া বিচারে সোপর্দ করার সম্ভাবনা নাই,

সেহেতু, ১৯৫৮ সনের ক্রিমিনাল 'ল' এমেডমেন্ট এ্যাক্টের ৬(১এ) ধারার বিধান অনুসারে তফসিল বর্ণিত মামলায় আপনাকে আগামী ১২-০৫-২০১৫ ইং তারিখের মধ্যে অত্র আদালতে হাজির হওয়ার নির্দেশ দেওয়া গেল।

অন্যথায় আপনার অনুপস্থিতিতেই বিচারকার্য সম্পন্ন করা হইবে।

তফসিল

| ক্রমিক নং | পলাতক আসামীদের নাম ও ঠিকানা | মামলার নম্বর ও ধারা |
|-----------|---|--|
| (১) | জনাব এম এ হালিম পিতা মৃত আব্দুর রহমান মিয়া, গ্রাম ও পোঃ পিগনা, থানা সরিষাবাড়ী, জেলা জামালপুর, বরখাস্তকৃত ম্যানেজার একাউন্টস বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, ঢাকার প্যারিস স্টেশন। | মেট্রোঃ বিশেষ মামলা নং ৬৬১/১৪ সূত্রঃ বিমান বন্দর (ডিএমপি) থানার মামলা নং ১০৫, তারিখ ২৬-০৬-১২ খ্রিঃ ধারাঃ ৪০৯ দণ্ডবিঃ তৎসহ ১৯৪৭ সনের ২নং দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা। |

মোঃ কামরুল হোসেন মোল্লা

মহানগর দায়রা জজ এবং

পদাধিকারবলে

মহানগর সিনিয়র স্পেশাল জজ, ঢাকা।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(২৯৮৯)

মূল্য : টাকা ৪.০০